**7.** Does Dharmarājādhvarīndra admit *jāti* as a separate category? Discuss in brief. 5

**৭.** ধর্মরাজাধ্বরীন্দ্র কি জাতিকে স্বতন্ত্র পদার্থরূপে স্বীকার করেন? সংক্ষেপে আলোচনা কর। ৫

**( OR / অথবা )**

**8.** Why does the Vivaraṇa school subscribe to the thesis that on certain occasions verbal testimony can give rise to immediate apprehensions? Answer in brief. 5

**৮.** কোনও কোনও স্থলে শব্দপ্রমাণ হইতে অপরোক্ষজ্ঞানের উৎপত্তি হইয়া থাকে - বিবরণসম্প্রদায় কী কারণে এইরূপ মত স্বীকার করেন? সংক্ষেপে উত্তর প্রদান কর। ৫

★★★





# MASTER OF ARTS EXAMINATION, 2025

**(2nd Year, 3rd Semester)**

**PHILOSOPHY**

**COURSE : PHIL/PG/3.5.1**

**( Advaita Vedānta–II )**

*Time* : *Two Hours* *Full Marks* : 30

**1.** *(a)* How does the author of *Vedāntaparibhāṣā* define veridical perception?

*(b)* Explain, in this connection the purport of the scriptural statement, ''*yat sakṣādaparokṣād brahma*''.

*(c)* How does the author of *Paribhāṣāsaṁgraha* explain the significance of the term '*aparokṣāt*' in the above mentioned scriptural statement? 4+3+3=10

১. (ক) 'বেদান্তপরিভাষা'কার কীরূপে প্রত্যক্ষপ্রমার লক্ষণ প্রদান করিয়াছেন?

(খ) প্রসঙ্গতঃ ''যৎ সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম'', এই রূপ শ্রুতির তাৎপর্য ব্যাখ্যা কর।

(গ) 'পরিভাষাসংগ্রহ'কার কীরূপে পূর্বোক্ত শ্রুতির অন্তর্গত 'অপরোক্ষাৎ' পদের তাৎপর্য ব্যাখ্যা করিয়াছেন? ৪+৩+৩=১০

( OR / অথবা )

2. (a) What is the ground behind the objection that the definition of a veridical cognition excluding recollection mentioned in *Vedāntaparibhāṣā* does not apply to a continuous series of similar cognitions (*dhārāvāhikabuddhi*)?

(b) How does Dharmarājādhvarīndra refute this objection? 3+7=10

২. (ক) 'বেদান্তপরিভাষা'-য় উল্লিখিত স্মৃতিব্যাবৃত্ত প্রমার লক্ষণটি 'ধারাবাহিক বুদ্ধি' স্থলে প্রযোজ্য হয় না - এইরূপ আপত্তির সপক্ষে কীরূপ যুক্তি বিদ্যমান?

(খ) ধর্মরাজাধ্বরীন্দ্র কীরূপে ঐরূপ আপত্তি খণ্ডন করিয়াছেন? ৩+৭=১০

3. (a) Why does the *Vivaraṇa* school of Advaita Vedānta establish the thesis that the mind is not a sense organ?

(b) How does Dharmarājādhvarīndra establish the thesis that the mind is not a sense organ? 5+5=10

৩. (ক) অদ্বৈতবেদান্তের বিবরণসম্প্রদায় কী কারণে অন্তঃকরণের অনিন্দ্রিয়ত্ব সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন?

(খ) ধর্মরাজাধ্বরীন্দ্র কীরূপে অন্তঃকরণের অনিন্দ্রিয়ত্ব সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন? ৫+৫=১০





( OR / অথবা )

4. (a) Why does the author of *Vedāntaparibhāṣā* admit a separate determinant of the perceptual character of an object apart from the determinant of the perceptual character of a cognition?

(b) Explain after Dharmarājādhvarīndra the determinant of the perceptual character of a cognition. 2+8=10

৪. (ক) 'বেদান্তপরিভাষা'কার কী কারণে জ্ঞানগত প্রত্যক্ষত্বের প্রযোজক হইতে অতিরিক্তরূপে বিষয়গত প্রত্যক্ষত্বের স্বতন্ত্র প্রযোজক স্বীকার করিয়াছেন?

(খ) ধর্মরাজাধ্বরীন্দ্রকে অনুসরণ করিয়া জ্ঞানগত প্রত্যক্ষত্বের প্রযোজক ব্যাখ্যা কর। ২+৮=১০

5. Why does the author of *Vedāntaparibhāṣā* admit the composite nature of the mind? Discuss in brief. 5

৫. 'বেদান্তপরিভাষা'কার কী কারণে অন্তঃকরণের সাবয়বত্ব স্বীকার করেন? সংক্ষেপে আলোচনা কর। ৫

( OR / অথবা )

6. Why does the author of *Vedāntaparibhāṣā* subscribe to the thesis that *kāma*, *saṁkalpa* etc. are transformations of the mind? Discuss in brief. 5

৬. কাম, সংকল্প প্রভৃতি অন্তঃকরণের পরিণাম - 'বেদান্তপরিভাষা'কার কী কারণে এইরূপ মত স্বীকার করেন? সংক্ষেপে আলোচনা কর। ৫